# বাংলাদেশ সীড এসোসিয়েশন (বিএসএ)

রেজিস্টার অফিস: ১৪৫, সিদ্দিক বাজার, টুকু টাওয়ার (২য় তলা), ঢাকা-১০০০।
সেক্রেটারিয়েট অফিস: "ইউনিক হাইটস্ (লেভেল-১২)" ১১৭, কাজী নজরুল ইসলাম এভিনিউ, রমনা, ঢাকা।
মোবাইল: ০১৮৪৪৫১৪৬২১-২৯, ই-মেইল: bsabd.2000@gmail.com, www.bsabd.org


## বিএসএ নির্বাচন বোর্ড

স্মারক নং: বিএসএ/নির্বাচন: ২০২৫/০৩/(২) তারিখ: ২০/০৯/২০২৫ খ্রিঃ

## বিএসএ-এর কার্যনির্বাহী কমিটি নির্বাচন (২০২৫-২০২৭) এর বিজ্ঞপ্তি:

**সম্মানিত সকল সাধারণ সদস্য (সীড ইন্ডাস্ট্রি ও সীড ডিলার)**
**বাংলাদেশ সীড এসোসিয়েশন (বিএসএ)।**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাণিজ্য সংগঠন আইন, ২০২২ এর অধীন প্রণীত বাণিজ্য সংগঠন বিধিমালা, ২০২৫-এর বিধি ১৮ (২) মোতাবেক বিএসএ-এর ২০২৫-২০২৭ মেয়াদের জন্য সভাপতি, সিনিয়র সহ-সভাপতি, সহ সভাপতি ও সাধারণ সম্পাদকসহ কার্যনির্বাহী কমিটির অন্যান্য কর্মকর্তা পদের জন্য চূড়ান্ত ভোটার তালিকায় অন্তর্ভূক্ত ভোটারগণ গ্রুপ ভিত্তিক প্রত্যক্ষ ও গোপন ভোটের মাধ্যমে আগামী ১৩ ডিসেম্বর ২০২৫ তারিখ শনিবার সংযুক্ত নির্বাচন তফসিল (সংযুক্তি-১) অনুযায়ী অনুষ্ঠিত হবে। নির্বাচন সম্পর্কিত নির্দেশনাবলী নিম্নে দেয়া হলো:

১। বাংলাদেশ সীড এসোসিয়েশন (বিএসএ)-এর সংশোধিত বর্তমান সংঘবিধির ধারা ১৩ মোতাবেক এসোসিয়েশনের সাধারণ সদস্যগণের মধ্য হতে গ্রুপ-এ (সীড ইন্ডাস্ট্রি) থেকে ১২ এবং গ্রুপ-বি (সীড ডিলার) থেকে ১২ মোট ২৪ জন কর্মকর্তা বিশিষ্ট কার্যনির্বাহী কমিটি গঠিত হইবে।

২। বাণিজ্য মন্ত্রণালয়ের বিধিমালা, ২০২৫ এর বিধি ১৮ (৩) এবং বিএসএ-এর সংঘবিধির ধারা ১৬ (আই) অনুযায়ী এসোসিয়েশনের কার্যনির্বাহী কমিটি দায়িত্ব গ্রহণের তারিখ হইতে পরবর্তী ২ বছর (২৪ মাস) মেয়াদের জন্য নির্বাচিত হইবেন।

৩। বাণিজ্য সংগঠন বিধিমালা, ২০২৫ এর বিধি ১৮ (৪) এবং বিএসএ-এর সংঘবিধির ধারা ১৬. এ. (আই) অনুযায়ী **এসোসিয়েশনের কার্যনির্বাহী কমিটির কোন ব্যক্তি পরপর ২ মেয়াদ (৪ বছর) শেষে অনূন্য একটি নির্বাচনে অংশগ্রহণ না করিয়া পরবর্তী নির্বাচনে অংশগ্রহণ করিতে পারিবেন।**

৪। বাণিজ্য সংগঠন বিধিমালা, ২০২৫ এর বিধি ১৯ (৩) অনুযায়ী সংগঠনের **"প্রথম নির্বাচনের ক্ষেত্রে নির্বাচনের তারিখের পূর্ববর্তী ১২০ দিনের মধ্যে সদস্য হইয়াছেন বা নির্বাচনের তারিখের পূর্ববর্তী ৬০তম দিন পর্যন্ত এসোসিয়েশনের প্রাপ্য চাঁদা বকেয়া রাখিয়াছেন এইরূপ কোন সদস্য উক্ত নির্বাচনে ভোট দিতে পারিবেন না"**। সে মোতাবেক যে সকল সদস্য আগামী ১৩ অক্টোবর ২০২৫ তারিখের মধ্যে সকল বকেয়া পরিশোধ করেছেন বা করবেন এবং গত ১৩ আগস্ট ২০২৫ তারিখের মধ্যে যে সকল প্রতিষ্ঠান নতুন সদস্যপদ গ্রহণ করেছেন সে সকল সদস্যগণ আসন্ন নির্বাচনে ভোটার/প্রার্থী হতে পারবেন।

৫। সংযুক্ত তফসিল মোতাবেক আগামী ১৩ অক্টোবর ২০২৫ তারিখের মধ্যে এসোসিয়েশনের সকল প্রকার বকেয়া বার্ষিক চাঁদা পরিশোধ এবং লিমিটেড কোম্পানীর ক্ষেত্রে তাঁদের মনোনীত ভোটারের নাম পরিবর্তনের আবেদন করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

৬। আসন্ন নির্বাচনে ভোটার হওয়ার ক্ষেত্রে তফসিল এ নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে নিম্ন বর্ণিত কাগজপত্রাদি নির্বাচন বোর্ডের নিকট দাখিল করতে হবে:

- ❖ **প্রতিষ্ঠানের হালনাগাদ (২০২৫-২০২৬) ট্রেড লাইসেন্স সংশ্লিষ্ট কোম্পানী প্রধান কর্তৃক সত্যায়িত ফটোকপি;**
- ❖ **মনোনীত ভোটার/প্রতিষ্ঠানের হালনাগাদ (২০২৪-২০২৫) আয়কর (TIN) পরিশোধের সার্টিফিকেট/জমার রশীদ সংশ্লিষ্ট কোম্পানী প্রধান কর্তৃক সত্যায়িত ফটোকপি;**
- ❖ **মনোনীত ভোটারের জাতীয় পরিচয় পত্র (NID) সংশ্লিষ্ট কোম্পানী প্রধান কর্তৃক সত্যায়িত ফটোকপি;**
- ❖ **মনোনীত ভোটারের রঙিন ১ কপি পাসপোর্ট সাইজ এর ছবি।**

৭। বাণিজ্য সংগঠন বিধিমালা, ২০২৫ এর বিধি ১৯ (৫) অনুযায়ী **এক ব্যক্তির মালিকানাধীন একাধিক কোম্পানীর আয়কর (TIN) সমৃদ্ধ প্রতিষ্ঠান থাকিলে তিনি সকল প্রতিষ্ঠনের জন্য ভোটাধিকার প্রাপ্য হইবেন এবং উক্ত ভোট কোনোক্রমেই হস্তান্তরযোগ্য হইবে না। তবে এইরূপ ভোটাধিকার প্রাপ্ত ব্যক্তি নির্বাচনে একাধিক পদে প্রার্থী হইতে পারিবেন না।**

৮। বাণিজ্য সংগঠন বিধিমালা, ২০২৫ এর বিধি ১৯ (৬) অনুযায়ী **একাধিক ব্যক্তির মালিকানাধীন একটি প্রতিষ্ঠান থাকিলে মালিকগণের সর্বসম্মত সিদ্ধান্তক্রমে যেকোনো একজন মালিককে ভোট প্রদানের জন্য লিখিতভাবে মনোনয়ন প্রদান করা যাইবে, তবে উক্ত প্রতিষ্ঠানের কোনো কর্মকর্তা বা কর্মচারী ভোটার হইতে পারিবেন না এবং উক্তরূপ বিধান একাধিক ব্যক্তির মালিকানাধীন আয়কর (TIN) সমৃদ্ধ প্রতিষ্ঠানের ক্ষেত্রেও প্রযোজ্য হইবে।**

৯। বাংলাদেশ সীড এসোসিয়েশন (বিএসএ)-এর ২০২৫-২০২৭ মেয়াদী কার্যনির্বাহী কমিটি নিম্নরূপভাবে গঠিত হবে:

**গ্রুপ "এ" সীড ইন্ডাস্ট্রি হতে ১২ জন:**

| পদবী | সংখ্যা |
|---|---|
| সভাপতি | ১ জন |
| সহ-সভাপতি | ২ জন |
| সাধারণ সম্পাদক | ১ জন |
| প্রচার সম্পাদক | ১ জন |
| কার্যনির্বাহী কমিটির সদস্য | ৭ জন |
| **মোট =** | **১২ জন** |

**গ্রুপ "বি" সীড ডিলার হতে ১২ জন:**

| পদবী | সংখ্যা |
|---|---|
| সিনিয়র সহ-সভাপতি | ১ জন |
| সহ-সভাপতি | ২ জন |
| সহ-সাধারণ সম্পাদক | ১ জন |
| সাংগঠনিক সম্পাদক | ১ জন |
| কোষাধ্যক্ষ | ১ জন |
| সাংস্কৃতিক সম্পাদক | ১ জন |
| কার্যনির্বাহী কমিটির সদস্য | ৫ জন |
| **মোট =** | **১২ জন** |

১০। চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের দিন হতে তফসিলে বর্ণিত তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে নির্বাচন বোর্ড এর অফিস থেকে নির্ধারিত পদের বিপরীতে নমিনেশন ফরম সংগ্রহ ও জমা দেয়া যাবে।

১১। প্রার্থীগণের বিভিন্ন পদে মনোনয়ন ফরম সংগ্রহ করার জন্য নিম্নোক্ত হারে ফি (অফেরতযোগ্য) পরিশোধ করতে হবে:

| পদবী | নমিনেশন ফরম ফি (টাকা) |
|---|---|
| সভাপতি | ২,০০,০০০/- |
| সিনিয়র সহ-সভাপতি | ১,০০,০০০/- |
| সহ-সভাপতি | ৬০,০০০- |
| সাধারণ সম্পাদক | ১,৫০,০০০/- |
| সহ- সাধারণ সম্পাদক | ৫০,০০০/- |
| সাংগঠনিক সম্পাদক | ৪০,০০০/- |
| কোষাধ্যক্ষ | ৪০,০০০/- |
| প্রচার সম্পাদক | ৪০,০০০/- |
| সাংস্কৃতিক সম্পাদক | ৪০,০০০/- |
| কার্যনির্বাহী কমিটির সদস্য | ২০,০০০/- |

১২। "মনোনয়ন ফরম" সংগ্রহের সময় প্রত্যেক প্রার্থীকে **আবশ্যিকভাবে অতিরিক্ত ১,০০০/- (এক হাজার) টাকা** মূল্য পরিশোধ করে ১ (এক) সেট চূড়ান্ত ভোটার তালিকা সংগ্রহ করতে হবে।

১৩। নির্বাচনের জন্য আগ্রহী প্রার্থীগণ নির্বাচন তফসিলে বর্নিত সময়ের মধ্যে **"মনোনয়ন ফরম"** এর মূল্য বাবদ নির্বাচন বোর্ড কর্তৃক নির্ধারিত টাকা (অফেরতযোগ্য) পরিশোধ করে নির্বাচন অফিস থেকে প্রাপ্তি রশিদসহ **"মনোনয়ন ফরম"** সংগ্রহ করিবেন এবং উক্ত রশিদ "মনোনয়ন ফরম" এর সহিত সংযুক্ত করতে হবে। রশিদ ব্যতিত কোন "মনোনয়ন ফরম" গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

১৪। "মনোনয়ন ফরম" নির্বাচন বোর্ডের স্বাক্ষর সম্বলিত হতে হবে এবং "মনোনয়ন ফরমে" প্রদত্ত যাবতীয় তথ্য চূড়ান্ত ভোটার তালিকা মোতাবেক হতে হবে।

১৫। যদি কোন কারণে "মনোনয়ন ফরম" নষ্ট/অকেজো হয়, তাহলে নির্বাচন বোর্ড বরাবর আবেদনের সাথে ৫০০/- (পাঁচশত) টাকা পরিশোধপূর্বক ডুপ্লিকেট ফরম সংগ্রহ করতে পারবেন।

১৬। ভোটার তালিকায় সকল ভোটারদের ছবি এবং আয়কর (TIN) নাম্বার উল্লেখ থাকতে হবে, তবে লিমিটেড কোম্পানীর ক্ষেত্রে কোম্পানীর আয়কর (TIN) নাম্বারই গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে।

১৭। বিএসএ-এর নির্বাচন কার্যক্রম বাণিজ্য সংগঠন আইন, ২০২২, বাণিজ্য সংগঠন বিধিমালা, ২০২৫ এবং বিএসএ-এর সংশোধিত বর্তমান সংঘবিধি অনুযায়ী সম্পাদিত হবে। বাণিজ্য সংগঠন আইন ও বিধিমালার সাথে বিএসএ-এর সংঘবিধির কোন বিষয় সাংঘর্ষিক হলে সেক্ষেত্রে বাণিজ্য সংগঠন আইন ও বিধানাবলী প্রাধান্য পাবে।

১৮। নির্বাচনের ফলাফল সম্পর্কে কোন প্রার্থী আপীল বোর্ডে আপত্তি দাখিল করতে চাইলে ১০,০০০/- (দশ হাজার) টাকা নগদ জমা প্রদানপূর্বক তফসিলে নির্ধারিত সময়ের মধ্যে আপীল করতে পারবে।

১৯। নির্বাচন আয়োজনের জন্য ভেন্যু নির্ধারন করে নির্বাচন বোর্ড কর্তৃক যথাসময়ে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হবে।

২০। অনিবার্য কারণবশত: নির্বাচন তফসিলে উল্লিখিত কোন কার্যক্রম নির্দিষ্ট দিনে সম্পন্ন করা সম্ভব না হলে, উক্ত কার্যক্রম নির্ধারিত দিনের পরবর্তী দিনে সম্পন্ন করা হবে।

২১। উক্ত বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয় নাই এমন কোনো বিষয়ের উদ্ভব হলে নির্বাচন বোর্ড সিদ্ধান্ত গ্রহণ করবে।

২২। **নির্বাচন বোর্ড সচিবালয়:**

বাংলাদেশ সীড এসোসিয়েশন (বিএসএ), "ইউনিক হাইটস্ (লেভেল-১২)", ১১৭, কাজী নজরুল ইসলাম এভিনিউ, রমনা, ঢাকা-১২১৭।
প্রয়োজনে যোগাযোগ: মোঃ আখতারুল ইসলাম, সচিব, নির্বাচন বোর্ড, মোবাইল: ০১৯১৫৪৩৫৭৮৬, ০১৮৪৪৫১৪৬২২।

২৩। **নির্বাচন অফিসের সময়-সূচী:**

* শনিবার হতে বৃহস্পতিবার।
* সকাল ১০ টা হতে বিকাল ৬ টা পর্যন্ত।
* শুক্রবার সাপ্তাহিক ছুটি।

২৪। সকল ভোটার, প্রার্থী ও সংশ্লিষ্টদের সংযুক্ত নির্বাচন আচরণ বিধি (সংযুক্তি-২) প্রতিপালন করতে হবে।

| | | |
|---|---|---|
| **মোঃ আব্দুল খালেক** | **নেসার উদ্দিন আহমেদ** | **মেজবাহ উদ্দীন** |
| সদস্য, নির্বাচন বোর্ড | সদস্য, নির্বাচন বোর্ড | চেয়ারম্যান, নির্বাচন বোর্ড |
| বিএসএ নির্বাচন ২০২৫-২৭ | বিএসএ নির্বাচন ২০২৫-২৭ | বিএসএ নির্বাচন ২০২৫-২৭ |

**সংযুক্তি:** (১) নির্বাচন তফসিল।
(২) নির্বাচন আচরণ বিধি।

**কার্যার্থে বিতরণ:**

১) চেয়ারম্যান, নির্বাচন আপীল বোর্ড, বিএসএ নির্বাচন ২০২৫-২৭
২) সচিব, নির্বাচন বোর্ড, বিএসএ নির্বাচন ২০২৫-২৭
৩) সকল সাধারণ সদস্য (ই-মেইল যোগে) বাংলাদেশ সীড এসোসিয়েশন
৪) নির্বাহী পরিচালক, বিএসএ (হোয়াটস্ অ্যাপ গ্রুপ, ফেসবুক পেজ ও বিএসএ ওয়েবসাইট এবং নোটিশ বোর্ডে প্রকাশের জন্য)।

**সদয় অবগতির জন্য অনুলিপি:**

১) সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
২) মহাপরিচালক (যুগ্ম সচিব), বাণিজ্য সংগঠন অনুবিভাগ, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
৩) প্রশাসক, এফবিসিসিআই, ৬০, মতিঝিল, ঢাকা-১০০০
৪) অফিস কপি, নির্বাচন বোর্ড, বিএসএ।